

AKASHVANI (AIR)
RNU : KOLKATA
Bengali Text Bulletin

Date: 28.05.2024

Time: 7.50 P.M.

বিশেষ বিশেষ খবর –

১) ঘূর্ণিঝড় রিমালের মোকাবিলায় কেন্দ্র বনাম রাজ্যের কৃতিত্ব নিয়ে প্রধানমন্ত্রী ও মুখ্যমন্ত্রীর মধ্যে চাপান উত্তোরে আজ উত্তপ্ত হয়ে ওঠে শেষ দফার ভোটের প্রচার।

উত্তর কলকাতায় প্রধানমন্ত্রীর রোড শো-কে ঘিরে উদ্দীপনা তুঙ্গে। মুখ্যমন্ত্রীও আজ কলকাতায় পদযাত্রা করেছেন।

২) ভোটের মুখে সুন্দরবন পুলিশ জেলার সুপার, মীনাখাঁর এস ডি পি ও এবং রহড়া থানার আই সি-কে সরিয়ে দিল নির্বাচন কমিশন।

৩) হাইকোর্টের নিষেধাজ্ঞা সত্ত্বেও বিতর্কিত নির্বাচনী বিজ্ঞাপন নিজেদের এক্স হ্যান্ডেলে প্রকাশ করার জন্য তৃণমূল কংগ্রেস বিজেপি-কে আদালত অবমাননার নোটিশ পাঠিয়েছে।

৪) ঘূর্ণিঝড় রিমাল আরও দুর্বল হয়ে সুস্পষ্ট নিম্নচাপে পরিণত হয়েছে। এর পরোক্ষ প্রভাবে উত্তরবঙ্গের একাধিক জেলায় ভারী বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দফতর।

oooooooooooooooooooooooooooo

ঘূর্ণিঝড় রিমালের মোকাবিলায় কেন্দ্র বনাম রাজ্যের কৃতিত্ব নিয়ে প্রধানমন্ত্রী ও মুখ্যমন্ত্রীর মধ্যে চাপান উত্তোরে ছেয়ে রইল শেষ দফার

ভোটের প্রচার। প্রবীণ বিজেপি নেতা, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ বারাসাত ও বসিরহাটের দলীয় প্রার্থীদের সমর্থনে অশোকনগরে এবং যাদবপুর ও কলকাতা দক্ষিণের প্রার্থীদের হয়ে বারুইপুরে জনসভা করেন। তিনি বলেন, নিরন্তর পরিস্থিতির ওপর নজর রেখেছিল কেন্দ্রীয় সরকার। উদ্ধার ও ত্রাণে এন ডি আর এফ ভালো কাজ করেছে।

(বাইট - মোদী সাইক্লোন)

প্রধানমন্ত্রীর এই মন্তব্যের কড়া সমালোচনা করেছেন তৃণমূল কংগ্রেস প্রধান, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী। বেহালার জনসভায় তিনি বলেন, একের পর এক ঘূর্ণিঝড়ে রাজ্যের কোটি কোটি টাকার সম্পত্তি নষ্ট হয়। সেই টাকা কারো কাছ থেকে পাওয়া যায় না। আর এন ডি আর এফ কাজ করলে, তাদের খরচ বহন করতে হয় রাজ্যকেই।

(বাইট - মমতা সাইক্লোন)

জনসভার পাশাপাশি প্রধানমন্ত্রীর রোড শো এবং মুখ্যমন্ত্রীর পদযাত্রাকে ঘিরে কলকাতার বিভিন্ন রাস্তায় যান চলাচল নিয়ন্ত্রণ করা হয়। দুর্ভোগে পড়েন পথে বেরোনো বহু মানুষ। পুলিশ প্রশাসনের ব্যস্ততাও ছিল চোখে পড়ার মতো।

একটি প্রতিবেদন -

(ভয়েসকাস্ট - অভিরূপ)

oooooooooooooooooooooooooooo

আগামী শনিবার পয়লা জুন সপ্তম দফায় ভোট নেওয়া হবে দমদম, বারাসাত, বসিরহাট, জয়নগর, মথুরাপুর, ডায়মন্ড হারবার, কলকাতা উত্তর ও দক্ষিণ এবং যাদবপুর – এই ৯-টি আসনে।

কলকাতা উত্তর কেন্দ্র নিয়ে আমাদের ইলেকশন সেলের একটি প্রতিবেদন –

(ভয়েসকাস্ট)

oooooooooooooooooooooooooooo

ভোটের মুখে সুন্দরবন পুলিশ জেলার সুপার কোটেশ্বর রাও নালাওয়াত এবং বসিরহাট পুলিশ জেলার মিনাখাঁর এসডিপিও আমিনুল ইসলাম খানকে নির্বাচন সংক্রান্ত দায়িত্ব থেকে অব্যাহতি দেওয়া হয়েছে। এর পাশাপাশি রহড়া থানার IC দেবাশিস সরকারকেও সরিয়ে দিয়েছে নির্বাচন কমিশন। নতুন আই সি নিযুক্ত হয়েছেন ঋগবেদ সাহা।

পরিবর্ত এসপি ও এসডিপিও হিসেবে তিনজন যোগ্য অফিসারের নাম, আজই বেলা তিনটের মধ্যে কমিশনের কাছে পাঠানোর নির্দেশও দেওয়া হয়।

oooooooooooooooooooooooooooo

বিষ্ণুপুর লোকসভা কেন্দ্রের স্ট্রংরুমে ইভিএম বদলের অভিযোগ ভিত্তিহীন বলে নির্বাচন কমিশনের কাছে পেশ করা রিপোর্টে জানানো হয়েছে। ওই কেন্দ্রের বিজেপি প্রার্থী সৌমিত্র খাঁ, সিসি ক্যামেরার ছবি

দেখিয়ে স্ট্রং রুমে কারচুপির অভিযোগ করেছিলেন। তার ভিত্তিতে কমিশন রিপোর্ট তলব করে। আজ সেই রিপোর্টে বলা হয়েছে, বাঁকুড়ার জেলাশাসক, পুলিশ সুপার ও রিটার্নিং অফিসার সরেজমিনে স্ট্রং রুম পরিদর্শন করে দেখেছেন, এই ধরনের কোন ঘটনা ঘটেনি।

oooooooooooooooooooooooooooo

হাইকোর্টের নিষেধাজ্ঞা সত্ত্বেও বিতর্কিত নির্বাচনী বিজ্ঞাপন নিজেদের এক্স হ্যান্ডেলে প্রকাশ করার জন্য তৃণমূল কংগ্রেস বিজেপি-কে আদালত অবমাননার নোটিশ পাঠিয়েছে। দলের তরফে আইনজীবীর নোটিশে বলা হয়েছে, আদর্শ আচরণবিধি লঙ্ঘন করায়, কলকাতা হাইকোর্টের বিচারপতি সব্যসাচী ভট্টাচার্য গত বিশেষ মে বিজেপি-র ওই দুই বিজ্ঞাপনের ওপর অন্তর্বর্তী স্থগিতাদেশ দেন। ডিভিশন বেঞ্চে বিজেপি একে চ্যালেঞ্জ জানালেও বেঞ্চ হস্তক্ষেপ করতে অস্বীকার করেন। সুপ্রিম কোর্টও এই নিষেধাজ্ঞায় হস্তক্ষেপ করতে চায়নি। কিন্তু তার পরেও একই বিজ্ঞাপন প্রকাশ ও প্রচার অনুমোদন করেছে বিজেপি। আজ তাদের এক্স হ্যান্ডেলেও তা পোস্ট করা হয়। এর প্রেক্ষিতেই বিজেপি-কে আদালত অবমাননার আইনি নোটিশ পাঠিয়ে অবিলম্বে ওই পোস্ট তুলে নিতে এবং তৃণমূল কংগ্রেসের কাছে নিঃশর্ত ক্ষমা প্রার্থনারও দাবি জানানো হয়েছে।

oooooooooooooooooooooooooooo

ঘূর্ণিঝড় রিমাল আরও দুর্বল হয়ে পূর্ব আসাম ও সংলগ্ন অঞ্চলের ওপর সুস্পষ্ট নিম্নচাপের রূপ নিয়েছে। পশ্চিমবঙ্গের ওপর এর সরাসরি কোন

প্রভাব না পড়লেও, উত্তরবঙ্গের জলপাইগুড়ি, কালিম্পং ও আলিপুরদুয়ার জেলায় আগামী পাঁচ দিন ভারী বৃষ্টির পূর্বাভাষ দিয়েছে আবহাওয়া দফতর।

রাজ্য সরকার ঘূর্ণিঝড়ের তাড়বে ক্ষতিগ্রস্ত এলাকায় দ্রুত ত্রাণ সামগ্রী পৌঁছে দেওয়ার নির্দেশ দিয়েছে। মুখ্য সচিবের কাছ থেকে আজ টেলিফোনে ত্রাণের কাজ নিয়ে বিস্তারিত জানতে চান মুখ্যমন্ত্রী। দুর্যোগে ক্ষতিগ্রস্তদের কাছে পৌঁছতে যারা সহযোগিতা করেছেন, এক্স হ্যান্ডেলে তাদের কৃতজ্ঞতা জানিয়েছেন তিনি।

এদিকে, রিমালের ধাক্কায় উত্তর ২৪ পরগনার হিঙ্গলগঞ্জের বিস্তীর্ণ এলাকা এখনও বিদ্যুৎ বিহীন। প্রতিবাদে আজ হাসনাবাদ-লেবুখালি রোডে কাটাখালি সেতুর ওপর প্ল্যাকার্ড হাতে বিক্ষোভ দেখান স্থানীয় বাসিন্দারা। দ্রুত বিদ্যুৎ সংযোগের আশ্বাস পেয়ে ঘণ্টা দেড়েক পর বিক্ষোভ তুলে নেওয়া হয়।

বৃষ্টি বন্ধ হলেও হাওড়ার বহু রাস্তা এখনও জলমগ্ন। ফলে নাকাল হচ্ছেন, বাসিন্দারা। হাওড়া পুরসভার মুখ্য প্রশাসক সুজয় চক্রবর্তী জানিয়েছেন, অধিকাংশ এলাকা থেকেই জল নেমে গেছে। অতিরিক্ত পাম্প চালিয়ে বাদ বাকি রাস্তার জলও দ্রুত নামানো হচ্ছে।

oooooooooooooooooooooooooooo

oooooooooooooooooooooooooooo